"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
মাদ্রাসা শাখা-১
www.tmed.gov.bd

নং-৫৭.০০.০০০০.০৭৫.৮৭.০০৮.১৫/-৪০৬

তারিখঃ ০৪ পৌষ ১৪২৫ বঙ্গাব্দ
১৮ ডিসেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়ঃ সরকারি ও বেসরকারি (স্বতন্ত্র এবতেদায়ী, দাখিল, আলিম, ফাযিল ও কামিল) মাদ্রাসাসমূহের ২০১৯ সালের বাৎসরিক ছুটির তালিকা।

সূত্রঃ মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০১.২২.০০১.১৫-২৭০, তারিখ-২৯/১১/২০১৮খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারি ও বেসরকারি (স্বতন্ত্র এবতেদায়ী, দাখিল, আলিম, ফাযিল ও কামিল) মাদ্রাসাসমূহের ২০১৯ শিক্ষাবর্ষের ছুটির তালিকা ও শিক্ষাপঞ্জি সরকার নিম্নোক্তভাবে অনুমোদন করেছে:

| ক্র.ন. | ছুটির উপলক্ষ | তারিখ ও বার | তারিখ, বঙ্গাব্দ | দিন |
|---|---|---|---|---|
| ১. | শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস | ২১ ফেব্রুয়ারি, বৃহস্পতিবার | ০৯ ফাল্গুন, ১৪২৫ | ০১ দিন |
| ২. | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্ম দিবস | ১৭ মার্চ, রবিবার | ০৩ চৈত্র, ১৪২৫ | ০১ দিন |
| ৩. | স্বাধীনতা ও জাতীয় দিবস | ২৬ মার্চ, মঙ্গলবার | ১২ চৈত্র, ১৪২৫ | ০১ দিন |
| ৪. | *শব-ই-মিরাজ | ০৪ এপ্রিল, বৃহস্পতিবার | ২১ চৈত্র, ১৪২৫ | ০১ দিন |
| ৫. | বাংলা নববর্ষ | ১৪ এপ্রিল, রবিবার | ০১ বৈশাখ, ১৪২৬ | ০১ দিন |
| ৬. | *শব-ই-বরাত | ২১ এপ্রিল, রবিবার | ০৮ বৈশাখ, ১৪২৬ | ০১ দিন |
| ৭. | মে দিবস | ০১ মে, বুধবার | ১৮ বৈশাখ, ১৪২৬ | ০১ দিন |
| ৮. | *পবিত্র রমজান, বুদ্ধ পূর্ণিমা, জুমআতুল-বিদা, লাইলাতুল-ক্বদর, ঈদ-উল-ফিতর ও গ্রীষ্মকালীন অবকাশ | ০৪ মে, শনিবার থেকে ১৩ জুন, বৃহস্পতিবার | ২১ বৈশাখ থেকে ৩০ জ্যৈষ্ঠ, ১৪২৬ | ৩৬ দিন |
| ৯. | *পবিত্র ঈদ-উল-আযহা ও জাতীয় শোক দিবস | ১০ আগস্ট, শনিবার থেকে ২২ আগস্ট, বৃহস্পতিবার | ২৬ শ্রাবণ থেকে ০৭ ভাদ্র, ১৪২৬ | ১২ দিন |
| ১০. | শুভ জন্মাষ্টমী | ২৩ আগস্ট, শুক্রবার | ০৮ ভাদ্র, ১৪২৬ | ০০ দিন |
| ১১. | *হিজরি নববর্ষ | ০১ সেপ্টেম্বর, রবিবার | ১৭ ভাদ্র, ১৪২৬ | ০১ দিন |
| ১২. | *পবিত্র আশুরা | ১০ সেপ্টেম্বর, মঙ্গলবার | ২৬ ভাদ্র, ১৪২৬ | ০১ দিন |
| ১৩. | দুর্গাপূজা | ০৮ অক্টোবর, মঙ্গলবার | ২৪ আশ্বিন, ১৪২৬ | ০১ দিন |
| ১৪. | *আখেরি চাহার সোম্বা | ২৩ অক্টোবর, বুধবার | ০৮ কার্তিক, ১৪২৬ | ০১ দিন |
| ১৫. | *পবিত্র-ঈদ-ই-মিলাদুন্নবি (স:) | ১০ নভেম্বর, রবিবার | ২৬ কার্তিক, ১৪২৬ | ০১ দিন |
| ১৬. | *ফাতেহা-ই-ইয়াজ দাহম | ০৯ ডিসেম্বর, সোমবার | ২৫ অগ্রহায়ণ, ১৪২৬ | ০১ দিন |
| ১৭. | মহান বিজয় দিবস | ১৬ ডিসেম্বর, সোমবার | ০২ পৌষ, ১৪২৬ | ০১ দিন |
| ১৮. | শীতকালীন অবকাশ, ও ঈসা (আ.)-এর জন্ম দিবস | ১৮ ডিসেম্বর, বুধবার থেকে ২৯ ডিসেম্বর, রবিবার | ০৪ পৌষ থেকে ১৫ পৌষ ১৪২৬ | ১০ দিন |
| ১৯. | প্রতিষ্ঠান প্রধানের সংরক্ষিত ছুটি | | | ০৫ দিন |
| | | | মোট= | ৭৭ দিন |

*চিহ্নিত ছুটির তারিখ চাঁদ দেখার উপর নির্ভরশীল।

পরীক্ষার সময়সূচি-২০১৯ খ্রিষ্টাব্দ

| পরীক্ষার নাম | তারিখ ও বার | দিন সংখ্যা | ফলাফল প্রকাশ |
|---|---|---|---|
| অর্ধ-বার্ষিক পরীক্ষা | ২৩ জুন, রবিবার থেকে ১০ জুলাই, বুধবার | ১৬ দিন | ২০ জুলাই, শনিবার |
| দাখিল নির্বাচনী পরীক্ষা | ১২ অক্টোবর, শনিবার থেকে ৩১ অক্টোবর, বৃহস্পতিবার | ১৬ দিন | ০৬ নভেম্বর, বুধবার |
| বার্ষিক পরীক্ষা | ২৭ নভেম্বর, বুধবার থেকে ১৫ ডিসেম্বর, রবিবার | ১৬ দিন | ৩০ ডিসেম্বর, সোমবার |

চলমান পাতা-০২

অনুসরণীয় নির্দেশনা:

১. শিক্ষাবর্ষ হবে ১ জানুয়ারী ২০১৯ থেকে ৩১ ডিসেম্বর ২০১৯ পর্যন্ত।
২. প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষার গুণগত মান বৃদ্ধিকল্পে উল্লিখিত সময়সূচি মোতাবেক অর্ধ-বার্ষিক পরীক্ষা, নির্বাচনি পরীক্ষা ও বার্ষিক পরীক্ষা নিশ্চিত করবে এবং বার্ষিক পরীক্ষার উত্তরপত্র অন্তত ১ (এক) বছর সংরক্ষণ করবে।
৩. মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃপক্ষ স্ব-স্ব মাদ্রাসার পরীক্ষার প্রশ্নপত্র (পাবলিক পরীক্ষা ব্যতীত) নিজেরাই প্রণয়ন করবে। কোন অবস্থাতেই প্রশ্নপত্র ক্রয় করে পরীক্ষা নেয়া যাবে না।
৪. পরীক্ষার নির্ধারিত তারিখ পরিবর্তন করা যাবে না। তবে কোন বিশেষ কারণে পরীক্ষার তারিখ পরিবর্তন করতে হলে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের পূর্বানুমিত গ্রহণ করতে হবে।
৫. সাপ্তাহিক ছুটি (শুক্রবার) ব্যতীত বছরে মোট ছুটি ৭৭ দিন। গণপ্রাজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক যে সকল সাধারণ ছুটি (পাবলিক হলিডে) এবং নির্বাহী আদেশে সরকারি ছুটি বলে ঘোষণা করা হবে, সে সকল দিন উক্ত ৭৭ দিনের অন্তর্ভুক্ত হবে।
৬. কোন সরকারি কর্মকর্তার পরিদর্শন উপলক্ষে মাদ্রাসা ছুটি দেয়া যাবেনা, সংবর্ধনা/পরিদর্শন উপলক্ষে শিক্ষার্থীদের ক্লাস বন্ধ করা যাবে না এবং সংবর্ধিত/পরিদর্শনকারী ব্যক্তির প্রতি সম্মান প্রদর্শনের জন্য শিক্ষার্থীদের রাস্তায় দাঁড় করানো যাবে না।
৭. ছুটিকালীন সময়ে অনুষ্ঠেয় ভর্তি/অন্যান্য পরীক্ষা অনুষ্ঠানের জন্য প্রয়োজনে মাদ্রাসা খোলা রাখতে হবে।
৮. উপবৃত্তি, ভর্তি পরীক্ষা, ইবতেদায়ী সমাপনী পরীক্ষা, জুনিয়র দাখিল সার্টিফিকেট পরীক্ষা ও অন্যান্য পরীক্ষার সময়ে প্রয়োজনে মাদ্রাসা খোলা রাখতে হবে।
৯. পরীক্ষার সময় পরীক্ষা কেন্দ্র ব্যতীত অন্যান্য মাদ্রাসায় যথারীতি শ্রেণি কার্যক্রম চালু থাকবে।
১০. প্রত্যেক মাদ্রাসায় দৈনিক পাঠের ডায়েরী ছাপাতে হবে এবং শিক্ষার্থীদের মধ্যে তা বিতরণ করতে হবে। এ ডায়রীতে ছাত্র-ছাত্রী পরিচিতি, আচরণ বিধি, অভিভাবকদের প্রতি পরামর্শ, শিক্ষকগণের নাম, ধর্মীয় ও নৈতিক শিক্ষার জরুরী নির্দেশাবলী, ছুটির তালিকা এবং ক্লাস রুটিন অন্তর্ভুক্ত থাকবে। ডায়েরীতে প্রতিদিন অভিভাবকের স্বাক্ষর নিতে হবে।
১১. পবিত্র-ঈদ-ই-মিল্লাদুন্নবী (স.), শহীদ দিবস ও আন্তর্জারিত মাতৃভাষা দিবস, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্ম দিবস, স্বাধীনতা ও জাতীয় দিবস, জাতীয় শোক দিবস, বিজয় দিবসসহ অন্যান্য জাতীয় দিবসে প্রতিষ্ঠানে শ্রেণি কার্যক্রম বন্ধ থাকবে; তবে প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট দিবসের গুরুত্ব ও তাৎপর্য সম্পর্কে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করতে হবে।
১২. প্রতিটি মাদ্রাসায় সরকার ঘোষিত সৃজনশীল মেধা অন্বেষণ কর্মসূচি পালন করতে হবে। সেসাথে শিক্ষার মানোন্নয়নের লক্ষ্যে ২০১৯ সনের জন্য একটি শিক্ষার উন্নয়নমুলক পরিকল্পনা প্রণয়নক্রমে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করতে হবে।

২৭/১২/১৮

(মোঃ আঃ খালেক মিঞা)
সহকারী-সচিব (মাদ্রাসা-১)
ফোনঃ ৯৫৭৭৪২৪

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার লেভেল-৩, ৩৭/৩/এ,
ইস্কাটন গার্ডেন রমনা, রোড, ঢাকা-১০০০।

অনুলিপি: জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়:

১. উপাচার্য, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, বাড়ি নং- ১২৪/২২, ব্লক-এ, সড়ক নং-০৩ পশ্চিশ ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭।
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশি বাজার, ঢাকা।
৪. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ/মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৬. প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (তাকে ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭. অতিরিক্ত সচিব (মাদ্রাসা)-এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৮. অফিস কপি।